গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১১০.২০১৮- ৮৫৫

তারিখ ২৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
০৯ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন নং-৩১৮৮/২০১৮ [পিটিশনার আবুল কালাম, পিতা- বোরহান উদ্দিন, গ্রাম- মির্জাগাঁও, উপজেলা-বিশ্বনাথ, জেলা-সিলেট বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২৫.৩.২০১৮ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাকাজি ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম ৩১ আগষ্ট ২০১৭ তারিখে খয়রাতি চাল বিতরণের সময় সন্ত্রাসী বাহিনী নিয়ে ইউনিয়ন পরিষদ আক্রমণ করে পরিষদের মালামাল চুরি করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় অত্র বিভাগেত ১৩.১২.২০১৭ তারিখের ৯৯২ নং স্মারকে পিটিশনারকে ইউপি সদস্যের পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশ চ্যালেঞ্জ করে সিনিয়র সচিব মহোদয়সহ ৬(ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত বরখাস্ত আদেশটি হাইকোর্টের আদেশের তারিখ থেকে পরবর্তী তিন মাসের জন্য স্থগিত করেছেন। রীট পিটিশন নং ৩১৮৮/২০১৮ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যক।

২। এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগের রুল ও আরজি'র আলোকে দফাওয়ারী জবাব (Statement of facts-SF) এবং প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্থ জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত ঃ --------- ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
☎৯৫৪০৯৯৫
E mail: dslaw1.lgd.gov@gmail.com

উপসচিব (ইউপি-১)
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৪। অফিস কপি/মাষ্টার কপি।